মে দিবস সংখ্যা

# শ্রমিক কল্যাণ বার্তা

১লা জুন ২০০৫ ইং, ১৮ই জৈষ্ঠ্য ১৪১২ বাংলা, ২২ রবিউস সানি ১৪২৬ হিজরী

### মে দিবসের সমাবেশে শিল্পমন্ত্রী মতিউর রহমান নিজামী

## ইসলামের ভিত্তিতে শুধু শ্রমজীবী মানুষ নয় ১৪ কোটি মানুষের ভাগ্য পরিবর্তন করা যাবে



*শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী কর্তৃক আয়োজিত বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেইটে মে দিবসের সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী*

জামায়াতে ইসলামী বাংলাদেশের সম্মানীত আমীর ও মাননীয় শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী বলেছেন, এদেশে বিভিন্ন আদর্শের ভিত্তিতে মেহনতি মানুষের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করা হয়েছে। এতে শুধু রাজনৈতিক দলেরই ভাগ্য গড়েছে, শ্রমজীবী মানুষের ভাগ্যের পরিবর্তন হয়নি। ইসলামের ভিত্তিতে শুধু শ্রমজীবী মেহনতি মানুষের ভাগ্যই নয়, ১৪ কোটি মানুষের ভাগ্য পরিবর্তন করা যাবে। পেশাগত সমস্যা সমাধানের জন্য সংগঠিত করার পাশাপাশি ইসলামী আদর্শের ভিত্তিতে সার্বিক সমাজ পরিবর্তনে শ্রমজীবী মানুষদের তৈরী করার জন্য তিনি আহ্বান জানান।

বায়তুল মোকাররম উত্তর গেইটে আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন ফেডারেশনের ঢাকা মহানগরীর সভাপতি এ.এইচ.এম. হামিদুর রহমান আযাদ। সমাবেশে বিশেষ অতিথি ছিলেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল এটিএম আজহারুল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান, জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরীর আমীর মমিনুল ইসলাম পাটওয়ারী। বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরীর নায়েবে আমীর এডভোকেট জসিম উদ্দিন সরকার ও মাওলানা এটিএম মাসুম, মহানগরী সেক্রেটারী রফিকুল ইসলাম খান, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেনারেল সেক্রেটারী আমিনুল ইসলাম, কমিশনার আব্দুর রব, সাইফুল ইসলাম, মোস্তফা হোসেন সরকার, শাহজাহান, মনির উদ্দিন, আনিসুর রহমান চৌধুরী প্রমুখ। (৬ষ্ঠ পাতায় দ্রঃ)

### মে দিবসের আলোচনা সভায় নায়েবে আমীর জনাব মকবুল আহমদ

## মানব রচিত মতবাদ দিয়ে শ্রমিক সমস্যার প্রকৃত সমাধান সম্ভব নয়।



*টঙ্গীতে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন কর্তৃক আয়োজিত মে দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জামায়াতে ইসলামী বাংলাদেশের নায়েবে আমীর জনাব মকবুল আহমদ*

টঙ্গী শিল্পাঞ্চল ঃ মহান মে দিবস উপলক্ষে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের টঙ্গী শিল্পাঞ্চলের উদ্যোগে টঙ্গীস্থ চেরাগআলী মার্কেটে এক বিরাট শ্রমিক সমাবেশ ফেডারেশনের টঙ্গী শিল্পাঞ্চলের সভাপতি মোঃ সফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী বাংলাদেশের নায়েবে আমীর জনাব মকবুল আহমদ, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মুহাম্মদ আমিনুল ইসলাম, জামায়াতে ইসলামী গাজীপুর জেলা আমীর আবুল হাসেম খান, টঙ্গী থানা আমীর ডাঃ এহতেশামুল হক শাহীন প্রমুখ নেতৃবৃন্দ।

প্রধান অতিথি জনাব মকবুল আহমদ বলেন, মানব রচিত মতবাদ দিয়ে শ্রমিক সমস্যার প্রকৃত সমাধান সম্ভব নয়। ইসলামী শ্রমনীতির প্রকৃত সুফল পেতে হলে পূর্ণাঙ্গ ইসলামী সমাজ ব্যবস্থার বিকল্প নেই। তাই ইসলামী সমাজ ব্যবস্থা কায়েমের আন্দোলনে শ্রমজীবী মানুষকে এগিয়ে আসতে হবে।

# সম্পাদকীয়

শ্রমিক কল্যাণ বার্তার ঐতিহাসিক মে দিবস সংখ্যা এমন এক সময় প্রকাশ হচ্ছে যখন একদিকে দেশে গার্মেন্টিস্ শিল্পে তৈরী পোষাক রফতানির শুল্কমুক্ত সুবিধার জন্য মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী ক্রিস্টিনা রোকা আমাদের উদ্যোক্তাদের হতাশ করেছেন। অন্যদিকে গোটা সীমান্ত জুড়ে ভারতের সীমান্ত রক্ষীবাহিনী বি.এস.এফ সীমান্তের জনগণকে যুদ্ধংদেহী মনোভাব দেখিয়ে আতংকিত করে রেখেছেন এবং একটি বিশেষ মহল দেশের ভাবমূর্তি নষ্ট করার জন্য সংখ্যালঘু নির্যাতনের মত একটি অসত্য ইস্যু সৃষ্টি করে সরকারকে বেকায়দায় ফেলার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। ঐতিহাসিক মহান মে দিবস কে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন শ্রমিক দিবস হিসেবে পালন করেছে। কারণ এ দিনটি জাতিসংঘ শুধুমাত্র শ্রমজীবী মানুষের ন্যায্য অধিকার আদায়ের আন্দোলনে শ্রমিকরা যে আত্মাহুতি দিয়েছিলেন তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন এবং তাকে মর্যাদায় অধিষ্ঠিত করার জন্যই আন্তর্জাতিক দিবস ঘোষণা ও পালন করে। সংগত কারণেই বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন এদিনকে মে দিবস না বলে "শ্রমিক দিবস" পালন ও ঘোষণা করার দাবী জানাচ্ছে।

শ্রমিকরা বড় অসহায়। আমাদের দেশে গার্মেন্টিস সেক্টরে শ্রম আইনের বাস্তবায়ন নাই বললেই চলে। কিছুদিন আগে সাভারে গার্মেন্টিস ফ্যাক্টরীতে ভয়াবহ দূর্ঘটনায় ৭৪ জন শ্রমিক নিহত হয়েছে, অসংখ্য শ্রমিক পঙ্গুত্ব বরণ করেছে এবং এ ঘটনার পর সারাদেশের গার্মেন্টিস শ্রমিকদের মধ্যে ভয় ও আতংক বিরাজ করছে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের পক্ষ থেকে দুর্ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত এবং নিহত ও আহত শ্রমিকদের যথাযথ ক্ষতিপূরণ দাবী করেছে এবং দুর্ঘটনায় নিহত ও আহতদের জন্য মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয়েছে।

দেশে বর্তমানে কাদিয়ানী ইস্যুকে পুঁজি করে একশ্রেণীর সংবাদপত্র ও একটি বিশেষ মহল আলেম ওলামা ও ইসলামী দলগুলোর মধ্যে অনৈক্য ও বিভেদ সৃষ্টি করার অপপ্রয়াসে মরিয়া হয়ে উঠেছে। আমরা আশা করি দেশের সর্বজন শ্রদ্ধেয় আলেম-ওলামা এবং ইসলামী দলগুলো নিজেদের এবং ইসলাম ও মুসলমানদের স্বার্থ বিবেচনা করে ইসলামের শত্রুদের পাতা ফাঁদে পা দিবেন না। আর যারা ইসলামের শত্রুদের ক্রীড়নক হিসেবে ব্যক্তিগত স্বার্থের কারণে ব্যবহার হতে চান তাদের বর্জন করবেন, অন্যথায় দেশ ও জনগণ আমাদের ক্ষমা করবে না এবং মহান আল্লাহর নিকট আমাদেরকে কঠিন জবাবদিহিতার মুখোমুখি হতে হবে। কিউবার গুয়ান্তানামো বে নামক মার্কিনী কারাগারে পবিত্র কুরআন অবমাননা মুসলমানদের ঈমান ও আকীদার উপর আরো একটি মারাত্মক আঘাত। এ শতকে মুসলমান ও ইসলাম বিরোধী শক্তি ঐক্যবদ্ধ হয়ে যে ক্রুসেড চালাচ্ছে এটাও এর একটা অংশ।

আমরা আশা করি দুনিয়াব্যাপী মুসলিম নিধন এবং মুসলমানদের ঈমান-আক্বীদার উপর যে সাঁড়াশী আক্রমণ চালানো হচ্ছে তাকে দৃঢ় হস্তে রুখে দেওয়ার জন্য ওআইসি সহ মুসলিম নেতৃবৃন্দ ঘুরে দাঁড়াবেন। আল্লাহ এদের মদদ দিন- আমীন ॥




*বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের নাটোর জেলার মে দিবসের সভায় বক্তব্য রাখছেন নাটোর জেলা আমীর অধ্যাপক মোঃ ইউনুস আলী*

# শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে বিভিন্ন স্থানে মে দিবস পালিত

**নারায়ণগঞ্জ জেলা** ঃ মে দিবস উপলক্ষে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে এক বিরাট শ্রমিক সমাবেশ নারায়ণগঞ্জ পুরান কোর্টের সামনে অনুষ্ঠিত হয়। ফেডারেশনের নারায়ণগঞ্জ জেলা সভাপতি এডভোকেট আব্দুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নারায়ণগঞ্জ ৫ আসনের এমপি এডভোকেট আবুল কালাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের ঢাকা বিভাগ দক্ষিণের সভাপতি মোহাম্মদ উল্যাহ। এছাড়া অধ্যাপক মাসুদুর রহমান গিয়াস, আব্দুল মজিদ শিকদার, মোশাররফ হোসাইন, মুন্সী মোঃ আব্দুল্লাহ ফয়সাল, নূরউদ্দিন খুশী, মাওলানা আবদুল কাদির, আবদুস সাত্তার মৃধা প্রমুখ শ্রমিক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সমাবেশ শেষে এক বিরাট র‍্যালী পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

**ফেণী** ঃ এ উপলক্ষে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের ফেণী জেলা শাখার উদ্যোগে ফেণী ট্র্যাংক রোডে পৌর শাখা সভাপতি মোঃ রফিকুল হকের সভাপতিত্বে এক শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী ফেণী পৌরসভা আমীর আবু ইউসুফ, ফেডারেশনের ফেণী জেলা সভাপতি নূরুল আবছার এবং সেক্রেটারী মোঃ সফি উল্লাহ প্রমুখ নেতৃবৃন্দ। সমাবেশ শেষে এক বিশাল র‍্যালী শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

**কক্সবাজার** ঃ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কক্সবাজার জেলা শাখার উদ্যোগে মে দিবস উপলক্ষে এক আলোচনা সভা জেলা সভাপতি আবু হানিফা মোঃ নোমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী কক্সবাজার জেলা আমীর মোঃ শাহাজান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের চট্টগ্রাম বিভাগ দক্ষিণের সেক্রেটারী মোঃ সেলিম পাটোয়ারী ও অন্যান্য নেতৃবৃন্দ। আলোচনা সভা শেসে এক বিরাট র‍্যালী জেলা সদরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

**নরসিংদী** ঃ মহান মে দিবস উপলক্ষে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের নরসিংদী জেলার পলাশ থানার উদ্যোগে এক বিরাট শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়। ফেডারেশনের পলাশ থানা সভাপতি ফখরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের নরসিংদী জেলা সেক্রেটারী হাফেজ রুহুল আমীন জামায়াতের পলাশ থানা আমীর আজাদ হোসেন প্রমুখ নেতৃবৃন্দ।

**পতেঙ্গা** ঃ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের পতেঙ্গা শিল্পাঞ্চলের উদ্যোগে এক শ্রমিক সমাবেশ আবদুর রহিম পাঠানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাছির উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়ীজ লীগের সভাপতি আবু তাহের খান। সমাবেশ শেষে এক বিশাল র‍্যালী পতেঙ্গা শিল্পাঞ্চলের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

**সীতাকুণ্ড** ঃ মে দিবস উপলক্ষে গত রোববার সীতাকুণ্ডে এক শ্রমিক সমাবেশ জনাব আজিজ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের চট্টগ্রাম বিভাগ দক্ষিণের সভাপতি আলহাজ্ব এম এ তাহের। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আমীর মাওলানা নূরুল আবছার, আবুল হোসেন প্রমুখ নেতৃবৃন্দ।

**রাংগুনিয়া** ঃ এ উপলক্ষে রাংগুনিয়ায় এক আলোচনা সভা ও র‍্যালী আবু তালেবের (৩-এর পাতায়)



*মে দিবসে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর উদ্যোগে আয়োজিত বিশাল র‍্যালির একাংশ*

## মে দিবস পালিত

(২য় পাতার পর)

সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন জামায়াতের জেলা সেক্রেটারী আবদুল কুদ্দুস। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের চট্টগ্রাম উত্তর জেলা সভাপতি মোঃ মশিউর রহমান।

**লোহাগড়া ঃ** ফেডারেশনের লোহাগড়া থানা শাখার উদ্যোগে মে দিবস উপলক্ষে এক শ্রমিক সমাবেশ মোঃ শফিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন থানা নির্বাহী অফিসার। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের চট্টগ্রাম মহানগরী সেক্রেটারী ইকবাল হোসাইন খান পাঠান। মোঃ ইছহাক প্রমুখ।

**কুমিল্লা ঃ** কুমিল্লা জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন দিবসটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালন করে। সকালে জেলা টাউন হল ময়দানে আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালী করে। বিকেলে শাসনগাছা বাসস্ট্যান্ড মাঠে আলোচনা সভা ও রক্তের গ্রুপিং নির্ধারণ করা হয়। উক্ত আলোচনায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মিজানুর রহমান, শ্রমিক কল্যাণ ফেডারেশনের প্রধান উপদেষ্টা কাজী দীন মোহাম্মদ, চট্টগ্রাম বিভাগ উত্তর সভাপতি মোঃ আমিনুল হক, কুমিল্লা জেলা পরিবহন শ্রমিক ইউনিয়নের সভাপতি সাধন চন্দ্র দেব। শ্রমিক কল্যাণ ফেডারেশন চট্টগ্রাম উত্তর জেলা সভাপতি মাষ্টার আমিনুল হকের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন মডার্ন হাসপাতালের চেয়ারম্যান ডা. মোহাম্মদ আবদুল্লাহ, পরিবহন ইউনিয়নের সহ-সভাপতি আবুল কাশেম, আবদুল হালিম, কাজী নজির আহমদ, দেলোয়ার হোসেন, মোঃ হোসেন, মুজিবুর রহমান ভূঞা প্রমুখ।

আলোচনা সভা শেষে পরিবহন শ্রমিকদের রক্তের গ্রুপ করা হয়।

## শেখ বেলালের হত্যার প্রতিবাদে শ্রমিক কল্যাণের শোক ও নিন্দা

খুলনা মেট্রোপলিটন সাংবাদিক সংগ্রামের খুলনা ব্যুরো চীফ শেখ বেলাল উদ্দিন খুলনা প্রেসক্লাব চত্বরে শক্তিশালী বোমা বিস্ফোরণে গুরুতরভাবে আহত হয়ে ঢাকা সিএমএইচএ চিকিৎসাধীন থাকা অবস্থায় ইন্তেকাল করার ঘটনায় গভীর শোক প্রকাশ করে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি, সাধারণ সম্পাদক মুহাম্মদ আমিনুল ইসলাম এক যুক্ত শোক বাণী প্রদান করেছেন।

শোক বাণীতে তারা বলেন, শেখ বেলাল উদ্দিনের ইন্তেকালে জাতি একজন উজ্জ্বল সম্ভাবনাময় তরুণ সাংবাদিককে হারালো।

শেখ বেলালকে একজন সাচ্চা শহীদ হিসেবে কবুল করার জন্য তারা আল্লাহর কাছে দোয়া করেন এবং তার শোকসন্তপ্ত পরিবার-পরিজন ও সহকর্মীদের প্রতি গভীর সমবেদনা জানান। ফেডারেশন নেতৃবৃন্দ শেখ বেলালের হত্যাকাণ্ডের সাথে জড়িতদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জোর দাবী জানান।

## উখিয়ার শ্রমিক নেতা রফিকুলের মৃত্যুতে শ্রমিক কল্যাণের শোক

কক্সবাজার উখিয়া-টেকনাফ সড়কে এক দুর্ঘটনায়

(৪এর পাতায় দ্রঃ)

## অধ্যাপক মুজিবুর রহমানের পিতার ইন্তিকালে শোক প্রকাশ

জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমানের পিতা জনাব মোঃ সিরাজুল ইসলামের ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি এম এ তাহের, অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এমপি, আবুল কালাম আজাদ, কবির আহমদ মজুমদার, সাধারণ সম্পাদক মুহাম্মদ আমিনুল ইসলাম এবং সহকারী সাধারণ সম্পাদকবৃন্দ।

ফেডারেশন নেতৃবৃন্দ মরহুম মোঃ সিরাজুল ইসলামের মাগফিরাত কামনা করেন এবং তাঁর যাবতীয় নেক আমলসমূহ কবুল করে তাকে জান্নাতুল ফেরদাউসে স্থান দেয়ার জন্য মহান আল্লাহর দরবারে মুনাজাত করেন। ফেডারেশন নেতৃবৃন্দ মরহুমের শোকাহত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং সড়ক দুর্ঘটনায় আহত মরহুমের পুত্র অধ্যাপক মুজিবুর রহমানেরও দ্রুত আরোগ্য কামনা করেন।

## স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার একে বাধাগ্রস্ত করা অন্যায়

### - অধ্যক্ষ মাওলানা আবু তাহের

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের ঢাকা মহানগরীর উদ্যোগে আয়োজিত স্বাধীনতা দিবসের আলোচনা সভায় জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল জননেতা অধ্যক্ষ মওলানা আবু তাহের প্রধান অতিথির বক্তব্যে বলেন, স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। একে বাধাগ্রস্ত করা অন্যায়।

পুরানা পল্টনস্থ মারুফ ফাউন্ডেশনে অনুষ্ঠিত মহান স্বাধীনতা দিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন ফেডারেশনের ঢাকা মহানগরীর সভাপতি জনাব এ.এইচ.এম হামিদুর রহমান আযাদ। অন্যান্যের মধ্যে আলোচনা করেন ফেডারেশনের মহানগরীর সেক্রেটারী মওলানা আনিছুর রহমান চৌধুরী, সহ-সভাপতি এডভোকেট এস.এম. আবদুল হাই, সহ সেক্রেটারী মির্জা মিজানুর রহমান, মাহির উদ্দিন প্রমুখ নেতৃবৃন্দ।

প্রধান অতিথি বলেন, দেশের আজাদী আন্দোলনে এদেশের মানুষের অনেক ত্যাগ, অনেক কুরবানী করতে হয়েছে। এ স্বাধীনতাকে অর্থবহ করতে হলে দেশের মানুষকে দেশী বিদেশী সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে সজাগ থাকতে হবে। সভাপতির বক্তব্যে জনাব হামিদুর রহমান আযাদ বলেন, স্বাধীনতার ৩৪ বছর পরও মানুষ তাদের প্রকৃত স্বাধীনতার সুফল ভোগ করতে পারছে না।




*বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর উদ্যোগে আয়োজিত স্বাধীনতা দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ মাওলানা আবু তাহের*



*চট্টগ্রাম চকবাজার দোকান কর্মচারী কল্যাণ ইউনিয়ন এর অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথির বক্তব্য রাখছেন মাননীয় বিমান প্রতিমন্ত্রী মীর মুহাম্মদ নাছির উদ্দিন, মহানগরীর আমীর মাওলানা শামসুল ইসলাম, মহানগরী শ্রমিক কল্যাণ সভাপতি অধ্যাপক আহছানউল্লাহ, শাহজাহান চৌধুরী এমপি এবং এস.এম. লুৎফর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।*

**আন্দরকিল্লা দোকান কর্মচারী ইউনিয়নের অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে মাওলানা শামসুল ইসলাম**

# আল্লাহর আইন প্রতিষ্ঠিত হলে শ্রমজীবি মানুষসহ সকল মানুষের অধিকার নিশ্চিত করা সম্ভব হবে।

জামায়াতে ইসলামী বাংলাদেশের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও চট্টগ্রাম মহানগরী আমীর মাওলানা শামসুল ইসলাম বলেছেন স্বাধীন সার্বভৌম বাংলাদেশে লক্ষ লক্ষ দোকান কর্মচারী বসবাস করছে, তারা চাকুরীর মাধ্যমে নিজের জীবন জিবিকা নির্বাহ করার পাশাপাশি দেশের সার্বিক কল্যাণে ভূমিকা পালন করছেন। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, এসব দোকান কর্মচারীরা আজ ন্যূনতম অধিকার থেকে বঞ্চিত। তিনি বঞ্চিত দোকান কর্মচারীদের অধিকার প্রতিষ্ঠার জন্য শ্রমিক কল্যাণ ফেডারেশনের পতাকা তলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। তিনি আন্দরকিল্লা দোকান কর্মচারী ইউনিয়নের অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। ইউনিয়নের নব নির্বাচিত সভাপতি নূরুল হুদা শহিদের সভাপতিত্বে জামে মসজিদের সম্মুখস্থ চত্বরে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য রাখেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন চট্টগ্রাম মহানগরী সভাপতি অধ্যাপক আহসান উল্লাহ, বিশেষ অতিথির বক্তব্য রাখেন শ্রমিক কল্যাণ ফেডারেশন চট্টগ্রাম সদর অঞ্চল উত্তর এর সভাপতি ও অত্র ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি এস.এম লুৎফর রহমান সহ অন্যান্য নেতৃবৃন্দ।




*খুলনা মহানগরীর উদ্যোগে আয়োজিত মে দিবসের আলোচনা সভায় উপস্থিত রয়েছেন সহ-সভাপতি মিয়া গোলাম পরওয়ার এমপি, প্রাক্তন সাধারণ সম্পাদক অধ্যাপক হারুনুর রশিদ খান*

**খুলনায় শ্রমিক কল্যাণের আলোচনা সভার অভিমত**

# রসূলের নীতি বাস্তবায়নের মধ্যেই শ্রমিকদের মুক্তি ও কল্যাণ নিহিত

শ্রমিক কল্যাণ ফেডারেশন খুলনা মহানগরী শাখার আলোচনা সভায় বক্তারা বলেন, মানব রচিত কোন মতবাদই মানব সমস্যার সত্যিকার সমাধান দিতে পারে না। শ্রমিকদের গায়ের ঘাম শুকানোর আগেই তাদের ন্যায্য পাওনা পরিশোধ করার জন্য রাসূলে করীম হযরত মুহাম্মদ (সাঃ) জোর তাগিদ দিয়েছেন। শ্রমিকদের মর্যাদা রক্ষার জন্য রাসূল (সাঃ)-এর নীতি বাস্তবায়নের মধ্যেই শ্রমিকদের প্রকৃত মুক্তি ও কল্যাণ নিহিত। বক্তারা আরো বলেন, বর্তমানে কল-কারখানায় শ্রমিক-মালিকের মধ্যে যে দ্বন্দ্ব বিরাজ করছে তার অবসান ঘটানোর জন্য শ্রমিকদেরকে মুনাফার অংশীদার করে তাদেরকে কারখানার হিতাকাঙ্ক্ষী বানাতে হবে। তাহলে কল-কারখানায় উৎপাদনের সত্যিকার পরিবেশ সৃষ্টি হবে।

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন খুলনা মহানগরী শাখার উদ্যোগে মহান মে দিবস উপলক্ষে 'ইসলামী শ্রমনীতির বাস্তবায়নেই শ্রমিকদের প্রকৃত মুক্তি সম্ভব' শীর্ষক এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শ্রমিক কল্যাণ ফেডারেশনের নগর সভাপতি মাস্টার শফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি, জামায়াতে ইসলামীর নগর আমীর অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এমপি, বিশেষ অতিথি ছিলেন খুলনা বিভাগের যুগ্ম শ্রম পরিচালক রেজাউল হক। প্রবন্ধ পাঠ করেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক হারুনুর রশীদ খান। বক্তব্য রাখেন নগর জামায়াতের নায়েবে আমীর অধ্যাপক আবদুল মতিন, সেক্রেটারী মাওলানা আবুল কালাম আজাদ, উপ-শ্রম পরিচালক রুহুল আমীন, জামায়াতের নগর এসিস্ট্যান্ট সেক্রেটারী এডভোকেট শেখ আবদুল ওয়াদুদ, শ্রমিক কল্যাণ ফেডারেশনের নগর সাধারণ সম্পাদক মুহাম্মদ আলফিদা হোসেন, মোঃ রফিকুল ইসলাম কাজল, মোঃ নূরুল হক, ফারুক হোসেন প্রমুখ।

বক্তরা আরো বলেন, পয়লা মে মহান মে দিবস। এ দিন শ্রমিক সমাজ তাদের অধিকার কায়েমের জন্য আত্মত্যাগের এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছিল। বিশ্বের শ্রমিক সমাজ তা থেকে অনুপ্রাণিত হয়ে অধিকার আদায়ের আন্দোলন করে কিছু সুযোগ-সুবিধা আদায় করতে সক্ষম হলেও পুঁজিবাদী অর্থনীতির মৌলিক ত্রুটির দরুন শ্রমিক-মালিক সম্পর্কের সন্তোষজনক সমাধান করা আজও সম্ভব হয়নি।

(৩ এর পাতার পর)

মর্মান্তিকভাবে প্রাণ হারান উখিয়া উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি রফিকুল ইসলাম (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। তার মৃত্যুতে ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান, সাধারণ সম্পাদক মুহাম্মদ আমিনুল ইসলাম এক যুক্ত শোকবাণী প্রদান করেছেন।

# রেলওয়ে এমপ্লয়ীজ লীগ ঢাকার ৩টি শাখার বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়ীজ লীগ, ঢাকা ওপেন লাইন, রেলভবন ও কারখানা শাখাত্রয়ের বার্ষিক সম্মেলন সৈয়দ মোঃ শরীফের সভাপতিত্বে বিআরইএল ঢাকা শাখা কার্যালয়, শাহজাহানপুর আমতলায় অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের ঢাকা মহানগরী সভাপতি এএইচএম হামিদুর রহমান আযাদ ও বিশেষ অতিথির বক্তব্য পেশ করেন মহানগরী সেক্রেটারী মাওলানা আনিসুর রহমান চৌধুরী।

## দৃষ্টি আকর্ষণ

**শ্রমিক কল্যাণ বার্তায় প্রকাশের জন্য নিজ নিজ এলাকার সংগঠনের কার্যক্রমের সচিত্র খবর পাঠানোর জন্য সকল বিভাগ ও জিলা দায়িত্বশীলকে অনুরোধ করা হচ্ছে।**

– সম্পাদক
শ্রমিক কল্যাণ বার্তা

# নরসিংদী জেলা শাখার উদ্যোগে দ্বি-বার্ষিক সম্মেলন-০৫ অনুষ্ঠিত

গত ১লা এপ্রিল বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন নরসিংদী জেলা শাখার উদ্যোগে নরসিংদী শিল্পকলা একাডেমীতে দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে সভাপতিত্ব করেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন নরসিংদী জেলার সম্মানিত সভাপতি অধ্যাপক শেখ আবদুল মালেক। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ সভাপতি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এম.পি। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ অধ্যক্ষ মাওলানা কামাল উদ্দিন জাফরী। নরসিংদী জেলা জামায়াতের আমীর মাওলানা আ.ফ.ম. আব্দুছ ছাত্তার, অধ্যাপক মফিজুর রহমান, জনাব রবিউল ইসলাম রবি এবং শ্রমিক কল্যাণ ফেডারেশনের উপজিলা নেতৃবৃন্দ।

সিলেট মহানগর দ্বি-বার্ষিক সম্মেলনে অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এম.পি

# ইসলাম বিহীন পৃথিবী মানবজাতিহীন পৃথিবীরই নামান্তর



*সিলেট মহানগরীর দ্বি-বার্ষীক সম্মেলনে বক্তব্য রাখছেন ফেডারেশনের সহ-সভাপতি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এমপি, মাওলানা ফরিদউদ্দিন এমপি এবং মহানগরী সভাপতি জনাব জয়নাল আবেদীন।*

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি বাংলাদেশ জাতীয় সংসদের সম্মানীত সাংসদ বিশিষ্ট শ্রমিক নেতা জনাব অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এম.পি বলেছেন, বিগত সত্তর এর দশকে সমাজতন্ত্র গোটা পৃথিবীকে শ্রমিক জনতার ভাগ্যের পরিবর্তনের কথা বলে সমাজতন্ত্র কায়েমের মাধ্যমে শ্রমিক জনতার মুক্তির প্রতিশ্রুতি দিলেও সমাজতন্ত্র তার জন্ম ভূমি রাশিয়াতেই নব্বই এর দশকে এসেই আত্মহত্যা করেছে। এভাবে পূঁজিবাদী ও ধর্ম নিরপেক্ষ মতবাদীরা তাদের গড়া রচিত মতবাদ দিয়ে শ্রমিক মেহনতি মানুষের ভাগ্যের পরিবর্তনের কথা বলে শ্রমিক জনতাকে ঠকিয়ে নিজেরা এম.পি, মন্ত্রী হয়েছেন এবং বাড়ী গাড়ীর মালিক হয়েছেন, কিন্তু সত্যিকার অর্থে শ্রমিকের ন্যূনতম চাহিদা, ক্ষুধা নিবারণের জন্য মোটাভাত, লজ্জা ঢাকার জন্য মোটা কাপড়, মাথা গুঁজার জন্য একটু বাসস্থানের সমাধান আজও পূরণ হয়নি। রোগ, শোকে অসংখ্য শ্রমিক আজ নিরবে ধুঁকে ধুঁকে কাতরাচ্ছে। কিন্তু চিকিৎসার জন্য ন্যূনতম সুযোগ-সুবিধাটুকু তাদের আজ হচ্ছে না।

প্রধান অতিথি তার বক্তব্যে আরো বলেন আজ দিবালোকের ন্যায় স্পষ্ট হয়েছে ইসলামী শ্রমনীতি প্রতিষ্ঠার মাধ্যমেই শ্রমিকের সত্যিকার মৌলিক অধিকার বাস্তবায়ন করা সম্ভব। তিনি বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন সিলেট মহানগরী শাখার দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন।

সম্মেলনে ১১ দফা দাবী সম্বলিত প্রস্তাব পাঠ করেন নগর শ্রমিক কল্যাণ ফেডারেশনের সহ-সভাপতি জামিল আহমদ রাজু। দ্বি-বার্ষিক সম্মেলনে ২০০৫ ও ২০০৬ সালের জন্য ৩১ সদস্যবিশিষ্ট মহানগর কমিটি ঘোষণা দেন শ্রম বিভাগীয় দায়িত্বশীল জননেতা ডাঃ সায়েফ আহমদ। নগর কমিটির নব নির্বাচিত সভাপতি জনাব মোঃ জয়নাল আবেদীন, সহ-সভাপতি জনাব জামিল আহমদ রাজু সেক্রেটারী আ.ফ.ম খালিদ চৌধুরী সাংগঠনিক সম্পাদক সোহেল আহমদ রিপন, অর্থ সম্পাদক মামুন খান প্রমুখ। বিশেষ অতিথির বক্তব্যে প্রিন্সিপাল মাওঃ ফরিদ উদ্দিন চৌধুরী এম.পি বলেন, শ্রমিকরা আল্লাহর বন্ধু। শ্রমিকের গায়ের ঘাম শুকানোর আগেই তার মজুরী দিয়ে দিতে হবে। আজ থেকে সাড়ে পনেরশত বৎসর পূর্বে মানবতার সর্বোত্তম বন্ধু শ্রমিক জনতার আদর্শনীয় নেতা মুহাম্মদুর রাসূলুল্লাহ (সঃ) শ্রমিকের মুক্তির সনদ প্রণয়ন করেছেন। ডাঃ শফিকুর রহমান তার বক্তব্যে বলেন, আওয়ামী লীগ আজ আদর্শের লড়াইয়ে পরাজিত হয়ে পিছনের দরজা দিয়ে ক্ষমতার মসনদ দখল করার জন্য স্বদেশের প্রতি বৃদ্ধাংগুলি প্রদর্শন করে আন্তর্জাতিক ষড়যন্ত্রের পথ বেছে নিয়েছে। কিন্তু শ্রমিক জনতা তাদের সে স্বপ্নসাধ ধূলিস্যাৎ করে দিবে ইনশাআল্লাহ।

সভাপতি মোঃ জয়নাল আবেদীনের সমাপনী বক্তব্যের পর এক বিরাট মিছিল রিকাবি বাজার থেকে লামাপাড়া, তালতলা, সুরমা মার্কেট বন্দর হয়ে চৌহাট্টা এসে শেষ হয়।



*ইবনেসিনা হাসপাতালে চিকিৎসারত আহত অধ্যাপক মুজিবুর রহমানের সাথে আলাপ করছেন পাকিস্তান ন্যাশনাল লেবার ফেডারেশনের সহ-সভাপতি ও করাচী জোনের সভাপতি জনাব রফিক আহমেদ খান এবং ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর চেয়ারম্যান জনাব নাজির আহমদ।*

## রাজশাহী মহানগরীর কর্মী শিক্ষা বৈঠক

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন রাজশাহী মহানগরী শাখার উদ্যোগে মহানগরী শাখার সভাপতি অধ্যাপক মুহাঃ হাবিবুর রহমানের সভাপতিত্বে ইউনিট সভাপতি ও সেক্রেটারীদের এক কর্মী শিক্ষা বৈঠক" অনুষ্ঠিত হয়। শিক্ষা বৈঠকের শুরুতে দরসে কুরআন পেশ করেন জামায়াতে ইসলামী বাংলাদেশ রাজশাহী মহানগরী ওলামা শাখা সভাপতি মাওলানা মোঃ আবদুল মালেক। উক্ত শিক্ষা বৈঠকে আলোচনা পেশ করেন, জামায়াতে ইসলামী বাংলাদেশ রাজশাহী মহানগরীর আমীর ও কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য জনাব মুহাঃ আতাউর রহমান। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি ও জামায়াতে ইসলাম বাংলাদেশ, রাজশাহী মহানগরী সেক্রেটারী জনাব আবুল কালাম আজাদ, শ্রমিক কল্যাণ ফেডারেশনের রাজশাহী মহানগরীর সভাপতি অধ্যাপক হাবিবুর রহমান, সেক্রেটারী সরকার নজরুল ইসলাম, সহ-সভাপতি মোঃ আসাদুজ্জামান ও মুহাঃ কুতুব উদ্দীন, সহ-সেক্রেটারী শরীফ আল মাহমুদ, সাংগঠনিক সম্পাদক মুহাঃ আলমগীর চঞ্চল, অর্থ সম্পাদক গোলাম মোস্তফা ও প্রচার সম্পাদক সরফরাজ আহমদ। (ছয় এর পাতায় দ্রঃ)




*রাজশাহী মহানগরী শিক্ষা বৈঠকে সভাপতিত্ব করছেন মহানগরী সভাপতি অধ্যাপক হাবিবুর রহমান*

## সমাজ কল্যাণ মন্ত্রীর আশু আরোগ্যের জন্যে দোয়ার মাহফিল

জামায়াতে ইসলামী বাংলাদেশ-এর সেক্রেটারী জেনারেল ও সমাজ কল্যাণ মন্ত্রী জনাব আলী আহসান মোহাম্মদ মুজাহিদ গুরুতর অসুস্থ হয়ে সিএমএইচ হাসপাতালে ভর্তি হন। তার দ্রুত রোগমুক্তি কামনা করে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, রাজশাহী মহানগরী শাখার উদ্যোগে মহানগর কার্যালয়ে মহানগর সেক্রেটারী সরকার নাহারুল ইসলাম এর সভাপতিত্বে দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশন, রাজশাহী মহানগরীর সভাপতি মোহাঃ হাবিবুর রহমান, বিশেষ অতিথি ছিলেন মহানগর সহ-সভাপতিদ্বয় মোঃ আসাদুজ্জামান ও মুহাঃ কুতুব উদ্দীন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশন রাজশাহী মহানগরীর সহ-সেক্রেটারীদ্বয় শরীফ আল মাহমুদ ও মোঃ মাসুদ রানা, সাংগঠনিক সম্পাদক মোঃ আলমগীর চঞ্চল, অর্থ সম্পাদক মোঃ গোলাম মোর্তজা প্রচার সম্পাদক সরফরাজ আহম্মদ।

প্রধান অতিথি মাননীয় সমাজ কল্যাণ মন্ত্রীর দ্রুত রোগমুক্তি কামনা করে মোনাজাত পরিচালনা করেন।

# ইসলামের ভিত্তিতে শুধু শ্রমজীবী মানুষ নয় ১৪ কোটি মানুষের ভাগ্য পরিবর্তন করা যাবে

(১ম পাতার পর)

মাওলানা নিজামী তার বক্তব্যে বলেন, ক্ষুধা, দারিদ্র্য ও বেকারত্ব দূর করার ক্ষেত্রে মানব রচিত মতবাদ, তন্ত্রমন্ত্র কোনো ভূমিকা রাখতে পারেনি। এ প্রেক্ষাপটে ইসলামী আদর্শের ব্যাপারে চিন্তাভাবনা করার জন্য তিনি শ্রমজীবী মানুষের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, এদেশে শ্রমজীবী মানুষ বিভিন্ন আন্দোলনে, স্বাধীনতা সংগ্রামে সবচেয়ে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। শ্রমিক আন্দোলন, সংগঠন বিভিন্ন রাজনৈতিক দলের ক্ষমতা লাভের সিঁড়ি হিসেবে ব্যবহৃত হয়েছে। এর সুবাদে অনেক শ্রমিক নেতার ভাগ্য পরিবর্তন হয়েছে, শ্রমজীবী মানুষের ভাগ্য পরিবর্তন হয়নি। আমীরে জামায়াত বিশ্ব পরিস্থিতির কথা উল্লেখ করেন বলেন, ক্ষুধা, দারিদ্র্য ও সন্ত্রাসমুক্ত বিশ্ব গড়তে হলে আল্লাহর কুরআন ও রাসূল (সাঃ)-এর সুন্নাহ যে অবদান রাখতে পারে এ বিষয়ে নতুন করে শ্রমজীবী মানুষকে চিন্তা করতে হবে। তিনি শ্রমজীবী মানুষের উদ্দেশ্যে বলেন, এতো দিন বিভিন্ন আদর্শের ভিত্তিতে মেহনতি মানুষের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করে রাজনৈতিক দলের ভাগ্য গড়েছেন, নিজেদের ভাগ্য পরিবর্তন করতে পারেননি। একবার ইসলামের ভিত্তিতে সব মানুষের ভাগ্য পরিবর্তনের সিদ্ধান্ত নিয়ে দেখুন ১৪ কোটি মানুষের ভাগ্য পরিবর্তনের সাথে সাথে এদেশের শ্রমজীবী মেহনতী মানুষেরও ভাগ্য পরিবর্তন হবে। তিনি বলেন, গোটা ইসলামী আদর্শের ভিত্তিতে সমাজের রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি, আইন আদালত সবক্ষেত্রে পরিবর্তন আসলেই দেশে ইসলামী সমাজ ব্যবস্থা, বিচার ব্যবস্থা, অর্থ ব্যবস্থা ও শিল্পনীতি চালু হবে। সেই ইসলামী শিল্পনীতির সুবাদে ইসলামী শ্রম আইন, শ্রমনীতিও চালু হবে।

মাওলানা নিজামী বলেন, পেশাগত সমস্যা সমাধানের লক্ষ্যে সংগঠিত করার পাশাপাশি ইসলামী আদর্শের ভিত্তিতে সার্বিক সমাজ পরিবর্তনের জন্য এদেশের শ্রমজীবী মেহনতী মানুষদের তৈরী করতে হবে। যারা ইসলামের ভিত্তিতে দেশের সার্বিক পরিবর্তন আনার জন্য চেষ্টা করছেন তাদের হাতকে শক্তিশালী করার জন্য এগিয়ে আসতে হবে। তিনি বলেন, মে দিবস উপলক্ষে দলমত নির্বিশেষে শ্রমজীবী মানুষের যে ঢল নেমেছে, এভাবে আমরা দেশের জাতির ও স্বাধীনতা সার্বভৌমত্বের স্বার্থে, দেশের অর্থনৈতিক উন্নতি অগ্রগতির স্বার্থে, মতপার্থক্য ভুলে গিয়ে পারস্পরিক শান্তি সংহতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ সৃষ্টি করতে সক্ষম হবো।

তিনি শিল্প কারখানার মালিক ও ব্যবস্থাপকদের উদ্দেশে বলেন, শ্রমজীবী মানুষের হয়রানিমূলক যাবতীয় কার্যকলাপ থেকে তারা যেন নিজেদের বিরত রাখেন। ব্যবস্থাপনা যেন শ্রমিকদের জন্য সহায়ক হয়, উৎসাহব্যঞ্জক হয় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি আহ্বান জানান। তিনি বলেন, উৎপাদনে শ্রমিকদেরকে সহায়ক শক্তি হিসেবে ব্যবহার করতে হবে, শ্রমিকদের সাথেও সহায়ক ভূমিকা পালন করতে হবে। তিনি শ্রমিকদের উদ্দেশে বলেন, উৎপাদন উন্নয়নে সহায়ক ভূমিকা শ্রমজীবী মানুষদের পালন করতে হবে। দেশের অর্থনীতি যদি উন্নতি অগ্রগতি লাভ করে, দেশের শিল্পকারখানা যদি লাভজনক হয়, তাহলে আরও শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠবে। আরও নতুন নতুন কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আর যদি কলকারখানা লোকসান দেয়, একের পর এক বন্ধ হয় তাহলে নতুন কর্মসংস্থানতো দূরের কথা, যাদের এখন কর্মসংস্থান আছে তাদেরও বেকারত্বে ভুগতে হবে। তিনি শ্রমজীবী মানুষকে উন্নয়ন উৎপাদনে সহায়ক ভূমিকা পালনের জন্য আহ্বান .জানান। তিনি বলেন, শ্রমিক নেতাদের গঠনমূলক ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

# শ্রমিক শ্রেণীকে অবজ্ঞা করে উন্নতির আশা করা যায় না

(৮ম পাতার পর)

তাদের চাকরির কোনই নিরাপত্তা নাই। দুর্নীতি, অপচয় আর চুরি রাষ্ট্রীয় অর্থ ও স্বার্থকে কুরে কুরে খাচ্ছে। শ্রমজীবী মানুষের দীর্ঘদিনের দাবী "সরকারী-বেসরকারী সকল শ্রমজীবী মানুষের জন্য জাতীয় মজুরী কমিশন ঘোষণা ও বাস্তবায়নের দাবী আজও বাস্তবায়িত হচ্ছেনা। তিনি বলেন, এসব থেকে মুক্তি পেতে হলে আল্লাহর আইনের মাধ্যমে ইসলামী শ্রমনীতি বাস্তবায়ন করতে হবে এবং দেশের সকল শ্রমিক সংগঠনসহ রাজনৈতিক দলগুলোকে দলীয় স্বার্থের উর্ধ্বে উঠে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিয়ে প্রতিহিংসার রাজনীতি পরিহার করতে হবে এবং সকলকে দেশের সংখ্যা গরিষ্ঠ মানুষের ধর্মীয় আদর্শকে প্রাধান্য দিয়ে আল্লাহর আইন প্রতিষ্ঠা করে সকল ধর্ম ও শ্রেণীর মানুষের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, ইসলামী ব্যবস্থাই কেবলমাত্র শ্রমজীবি মানুষের অধিকারের বিষয়ে সকলকে সতর্ক করেছে। তিনি বলেন, আধুনিক ঢাকা শহরের মত মেগা সিটিতে এক বা দুই দিন শ্রমিকের হাত না পড়লে আবর্জনার গন্ধে তিলোত্তমা নগরীটি মানুষের বসবাসের অনুপযোগী হয়ে পড়বে। অথচ মানুষের পরিবেশ রক্ষা থেকে শুরু করে যারা কয়লা খনিতে, অট্টালিকা তৈরীতে কাজ করতে গিয়ে দুর্ঘটনায় পতিত হয়, নিজের জীবন পর্যন্ত বিসর্জন দেন সেই শ্রমিক অবজ্ঞার পাত্র হয়ে নিঃশেষ হয়ে যাবে তা ইসলামে সম্পূর্ণ নিষিদ্ধ। ইসলাম খেটে খাওয়া মানুষের অধিকার প্রতিষ্ঠা করতে গিয়ে বলেছে ওরা তোমাদেরই ভাই। ভাই-এর কষ্টে ভাই ব্যথিত না হয়ে পারে না। তিনি বলেন, সকল মানুষ মালিক-শ্রমিক স্ব-স্ব কর্মক্ষেত্রে দায়িত্বানুভূতি এবং পরকালে জবাবদিহিতার মানসিকতা নিয়ে কাজ করলে আল্লাহর রহমতের ফোয়ারায় শান্তি ও সুখের ফল-ফুলের সুগন্ধের ফলগুধারা প্রবাহিত হতে বাধ্য। তিনি বলেন, একজন ময়লা আবর্জনা পরিষ্কারকারী শ্রমিকও আগামীকাল তার দায়িত্ব যথাযথভাবে পালন করার কারণে মহান আল্লাহর সন্তুষ্টি অর্জন করে উচ্চ মর্যাদার আসনে সমাসিন হবেন। তিনি বলেন, মানুষ আল্লাহর খলিফা বা প্রতিনিধি। মানুষকে খেলাফতের দায়িত্বের ব্যাপারে আগামীকাল মহান আল্লাহর নিকট অবশ্যই জবাবদিহি করতে হবে। তিনি বলেন, পশু-পাখি, গাছ-পালা গ্রহ-নক্ষত্র এমনকি সমুদ্রের তলদেশের ছোট্ট প্রাণিটিও আল্লাহর তসবি করছে। যার পরিপ্রেক্ষিতে কোটি কোটি বছর পরও প্রাকৃতিক বৈসাদৃশ্য লক্ষ্য করা যাচ্ছে না। আসমান জগত তার তসবিতে কোন পরিবর্তন আনে নাই এবং জমিন-সাগর তার সৃষ্টি থেকে আজ অবদি আল্লাহর দেয় বিধান ও নিয়ম পালন করে তসবি করছে। অথচ মানুষের নিকট থেকে নেয় ওয়াদা মানুষ পালন করছে না বিধায় মানুষের সমাজে যত বিপর্যয় ঘটছে এবং ঘটে চলেছে। তিনি বলেন, আল্লাহর দেয় বিধান দ্বারা মানুষ নিজে পরিচালিত হলে এবং সমাজ পরিচালনা করলে যেমনি শ্রমজীবি খেটে খাওয়া মানুষসহ সকল মানুষের অধিকার ও ইনসাফ প্রতিষ্ঠিত হবে তেমনি সৃষ্টি জগতের অন্য সৃষ্টির উপর মানুষের শ্রেষ্ঠত্ব প্রমাণ পেয়ে আল্লাহর দেয় খেলাফতের দায়িত্ব পরিপূর্ণতা লাভ করবে। তিনি সকল শ্রমজীবী খেটে খাওয়া মানুষকে নিজেদের সার্বিক কল্যাণে ইসলামী শ্রমনীতি কায়েমের আন্দোলনে অংশ নেয়ার আহ্বান জানান।

# রাজশাহী মহানগরীর কর্মী শিক্ষা বৈঠক

(পাঁচ এর পাতার পর)

প্রধান আলোচক বলেন, আমাদেরকে সর্বপ্রথম পরিবারের সবাইকে ইসলামী আন্দোলনের সঙ্গে সম্পৃক্ততার চেষ্টা করতে হবে। আমরা যদি পরিবারের সব সদস্যকে আনতে পারি তাহলে আমাদের পক্ষে ইসলামী আন্দোলন জোরদার করা সম্ভব হবে।




*ফেডারেশন যশোর শহর অঞ্চল কর্তৃক আয়োজিত মে দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন যশোর জিলা আমীর মাওলানা আজিজুর রহমান*

**বালাকোটের আলোচনা সভায় অধ্যাপক মুজিব**

# দ্বীন প্রতিষ্ঠার আন্দোলনে যুগে যুগে মর্দে মুজাহিদরা জীবন দিয়েছেন

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে বালাকোট দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান বলেন, দ্বীন প্রতিষ্ঠার আন্দোলনে যুগে যুগে মর্দে মুজাহিদরা জীবন দিতে একটুও কুণ্ঠাবোধ করে নাই এবং ভবিষ্যতেও আল্লাহর নির্দেশিত পথ জিহাদ ফি সাবিলিল্লাহর আন্দোলনে জীবন বিসর্জন দিতে কুণ্ঠাবোধ করবে না। আর এটাই হচ্ছে ঈমানের প্রকৃত দাবী। এডভোকেট এস.এম আবদুল হাই-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে আলোচনা করেন মহানগরী সেক্রেটারী মওলানা আনিছুর রহমান চৌধুরী, মতিঝিল অঞ্চলের সভাপতি জনাব খোন্দকার শফিকুল আলম এবং সদরঘাট অঞ্চলের সভাপতি জনাব আবদুল বারী প্রমুখ নেতৃবৃন্দ।




*পবিত্র কুরআন অবমাননার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দিচ্ছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান, ঢাকা মহানগরীর সভাপতি ও সেক্রেটারী সর্বজনাব এ.এইচ.এম হামিদুর রহমান আজাদ ও আনিসুর রহমান চৌধুরী*

## কুরআন অবমাননার প্রতিবাদে ফেডারেশনের বিক্ষোভ

আমেরিকার সেনাবাহিনী কর্তৃক গুয়ান্তানামো বে কারাগারে কুরআন অবমাননার প্রতিবাদে শ্রমিক কল্যাণ ফেডারেশন-এর মিছিল ও সমাবেশ

বায়তুল মোকাররম উত্তর গেটে মহানগরীর উদ্যোগে শ্রমিক কল্যাণ ফেডারেশনের এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। মহানগরী সভাপতি জনাব এ এইচ এম হামিদুর রহমান আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি ও জামায়াতে ইসলামী বাংলাদেশের অন্যতম সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান (সাবেক এমপি)। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আনিছুর রহমান চৌধুরী, মোঃ মোস্তফা হুসাইন সরকার, এডভোকেট এস এম আব্দুল হাই, মির্জা মিজানুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব মুজিব বলেন, গুয়ান্তানামো বে কারাগারে আমেরিকার সৈন্যরা কুরআনের প্রতি যে আচরণ করেছে তা ক্ষমার অযোগ্য অপরাধ। তিনি কুরআন অবমাননার ঘটনাকে মানবতা, গণতন্ত্র, ধর্মীয় মূল্যবোধ এবং জাতিসংঘের সনদের জঘণ্য লঙ্ঘন বলে অভিহিত করেন। তিনি বলেন, এ ঘটনা জাতিতে জাতিতে বিবেধ ও ঘৃণা, বিশ্বব্যাপী হানাহানি ও প্রতিহিংসাপরায়ণতা মারাত্মক রূপ নেয়ার আশঙ্কার নামান্তর। তিনি বলেন, এ ঘটনা সারা দুনিয়ার মুসলমানকে আহত করেছে। তিনি প্রকৃত দোষীদের কঠোর শাস্তিদানের দাবী জানান।

বাংলাদেশ শ্রমিককল্যাণ ফেডারেশন সিলেট মহানগর শাখার উদ্যোগে আন্তর্জাতিক কোরআন দিবস উপলক্ষে আম্বরখানা থেকে এক বিরাট প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলে নেতৃত্ব দেন সিলেট মহানগর জামায়াতের সেক্রেটারী জনাব ডাঃ সায়েফ আহমদ, শ্রমিক কল্যাণ ফেডারেশন মহানগর শাখার সভাপতি জনাব জয়নাল আবেদীন, সিলেট দক্ষিণ জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি জনাব মাওঃ লোকমান আহমদ, নগর শ্রমিক কল্যাণের সহ-সভাপতি জামিল আহমদ রাজু, নগর সেক্রেটারী আ.ফ.ম. খালেদ চৌধুরী, সিলেট জেলা ট্রাক শ্রমিক ইউনিয়ন সভাপতি জনাব ইসরাইল খান প্রমুখ।

## শ্রমিক আন্দোলনে গুণগত পরিবর্তন আনতে হবে

**(৮ম পাতার পর)**

তিনি বলেন, আপনারা যে প্রতিষ্ঠানে কর্মরত এটি বড়মাপের একটি সেবামূলক প্রতিষ্ঠান। এখানে চাকরি যেমন রুজি রোজগারের সুযোগ তেমনি দেশ ও জাতির সেবা করার বড় সুযোগ এতে রয়েছে। অতএব এই প্রতিষ্ঠানের সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে যে সুযোগ আপনাদের রয়েছে তার সদ্ব্যবহার করতে হবে। তিনি বলেন, আপনাদের যে দাবী-দাওয়া রয়েছে সে ব্যাপারে প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করব যাতে যুক্তিযুক্ত দাবীগুলো বাস্তবায়নে কোন বাধা না থাকে।

তিনি বলেন, গরীব দেশগুলো আন্তর্জাতিক দাতাসংস্থাগুলোকে একেবারে উপেক্ষা করে চলতে পারে না। আবার দাতাদের দ্বারস্থ হলে তারা যে শর্তাবলী আরোপ করে তা আমাদের জাতীয় স্বার্থের অনুকূলে যায় না। এর মাঝে ভারসাম্য রক্ষা করে দেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে চলাটাই বর্তমান জোট সরকারের নীতি। এ ব্যাপারে সরকার যাতে দেশ ও জাতির স্বার্থ রক্ষার অর্পিত দায়িত্ব পালনে সফল হয় এ ব্যাপারে সহযোগিতা প্রয়োজন। সংশ্লিষ্ট সকলের উত্থাপিত দাবীর প্রতি আন্তরিক সমর্থন জানিয়ে তিনি বলেন, এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে আলোচনা করা হবে। শিল্পমন্ত্রী বলেন, শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে আপনারা গুণগত ও মানগত পরিবর্তন আনতে সক্ষম হবেন। আলাপ আলোচনার মাধ্যমে সকল সমস্যার সমাধান সম্ভব।

বিশেষ অতিথির বক্তব্যে ব্যারিস্টার আমিনুল হক বলেন, সরকার সীমিত সম্পদের মধ্যদিয়ে দেশের উন্নয়ন চালিয়ে যাচ্ছে। গত ৩ বছরে টিএন্ডটি'র লাইন ৬ লাখ থেকে ১০ লাখে উন্নীত হয়েছে। বর্তমান বিশ্বায়নের যুগে টেলিকমিউনিকেশনের উন্নয়ন ছাড়া বিজ্ঞানের অগ্রযাত্রা সম্ভব নয় বিধায় সরকার টিএন্ডটি'র উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। বর্তমান সরকার ইতিমধ্যে ৬৪টি জেলা ও ১৭০টি উপজেলায় ইন্টারনেটের সংযোগ দিয়েছে। সরকারের আগামী সময়ের মধ্যে দেশের সবক'টি উপজেলায় ডিজিটাল ও ইন্টারনেটের সংযোগ দেয়া হবে। তিনি টিএন্ডটি বোর্ডের কর্মচারীদের উত্থাপিত ন্যায়সঙ্গত দাবীগুলো বাস্তবায়নের আশ্বাস দেন।

জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী আমীর জনাব মমিনুল ইসলাম পাটওয়ারী বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে প্রযুক্তি এখন দিনের পর দিন এগিয়ে চলছে। টিএন্ডটি এখনও যে সেবা জনগণের কাছে পৌছাতে পারেনি তাই সকলকে এই সেবা পৌছানোর জন্য নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।

এর পূর্বে শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম আগামী ২০০৫-০৬ সেশনের জন্য হাজী আবদুর রাজ্জাককে সভাপতি ও মোহাম্মদ মহির উদ্দিনকে সাধারণ সম্পাদক করে ৩০ সদস্যের টিএন্ডটি আদর্শ ফেডারেল শ্রমিক কর্মচারী ইউনিয়নের কমিটির নাম ঘোষণা করেন।

## পাকিস্তান ন্যাশনাল লেবার ফেডারেশনের সহ-সভাপতি জনাব রফিক আহমদ খানের বাংলাদেশ সফর

পাকিস্তান ন্যাশনাল লেবার ফেডারেশন এর কেন্দ্রীয় সহ-সভাপতি এবং করাচী জোন-এর সভাপতি জনাব রফিক আহমদ খান বাংলাদেশে ৫ দিনের সফরে আসেন। তিনি জামায়াতে ইসলামী বাংলাদেশের আমীর শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী, সেক্রেটারী জেনারেল এবং সমাজ কল্যাণমন্ত্রী জনাব আলী আহসান মুহাম্মদ মুজাহিদ, শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান, জামায়াত মহানগরী আমীর জনাব মোমিনুল ইসলাম পাটোয়ারী এবং ইসলামী ব্যাংকের কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাত ও মত বিনিময় করেন। জনাব রফিক ফেডারেশনের আয়োজিত বিভিন্ন সমাবেশে ও বক্তব্য রাখেন।




*বালাকোট দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান*

## দোয়ার মাহফিল

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি ও জামায়াতে ইসলামী বাংলাদেশ-এর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মোঃ মুজিবুর রহমান-গত ২৮ জানুয়ারি মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হন। তার দ্রুত আরোগ্য কামনা করে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, রাজশাহী মহানগরী শাখার উদ্যোগে মহানগরী কার্যালয়ে মহানগর সহ-সভাপতি মোঃ আসাদুজ্জামান-এর সভাপতিত্বে দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়।

## টিএন্ডটি আদর্শ ফেডারেল ইউনিয়নের সম্মেলনে শিল্পমন্ত্রী মতিউর রহমান নিজামী

# শ্রমিক আন্দোলনে গুণগত পরিবর্তন আনতে হবে



টিএন্ডটি রমনা ভবন চত্বরে টিএন্ডটি আদর্শ ফেডারেল ইউনিয়ন (বাংলাদেশ শ্রমিক কল্যাণ অন্তর্ভুক্ত) এর সম্মেলনে বক্তব্য রাখছেন মাননীয় শিল্প মন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী, টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক, মহানগরী জামায়াত আমীর জনাব মনিনুল ইসলাম পাটোয়ারী, আমিনুল ইসলাম, এ.এইচ.এম হামিদুর রহমান আজাদ, টিএন্ডটির সিবিএ সেক্রেটারী এম কাইয়ুম, এম.এ তাহের, মাওলানা আনিছুর রহমান চৌধুরী ও আদর্শ ফেডারেল ইউনিয়নের সভাপতি জনাব রফিকুল ইসলাম প্রমুখ নেতৃবৃন্দ।

জামায়াতে ইসলামীর আমীর ও শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী তৃতীয় বিশ্বের দেশসমূহ আন্তর্জাতিক দাতাসংস্থাগুলোকে একেবারে উপেক্ষা করে চলতে পারে না। তাদের দেয়া শর্তাবলীর মধ্যে ভারসাম্য রক্ষা করে যুক্তিসঙ্গত উপায়ে দেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে চলাই জোট সরকারের নীতি। তিনি শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে শ্রমিকদের গুণগত ও মানগত পরিবর্তন আনতে সকলের প্রতি আহ্বান জানান। শিল্পমন্ত্রী রমনা টেলিফোন ভবন চত্বরে টিএন্ডটি শ্রমিক-কর্মচারী আদর্শ ফেডারেল ইউনিয়নের দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সংগঠনের সভাপতি মোহাম্মদ রফিকুল ইসলামের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক, জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী আমীর মমিনুল ইসলাম পাটওয়ারী, বক্তব্য রাখেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম, ঢাকা মহানগরী সভাপতি এ.এইচ.এম হামিদুর রহমান আযাদ, সিবিএ মহাসচিব এম কাইয়ুম, এম তাহের, আনিছুর রহমান চৌধুরী, নজরুল ইসলাম, আবদুর রাজ্জাক, মোহাম্মদ মহির উদ্দিন প্রমুখ।

শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী বলেন, এই জোট সরকার জনগণের সরকার। ৪ দলীয় সরকার জনগণের সরকার। ৪ দলীয় জোট সরকারকে আপনারাই ক্ষমতায় বসিয়েছেন। সরকারের সাফল্য ও ব্যর্থতা আপনাদেরই। আল্লাহ না করুক এই সরকার ব্যর্থ হলে তার দায়ভার আপনাকে আমাকেসহ গোটা জাতিকে ভোগ করতে হবে। (৭ম পাতায় দ্রঃ)

# যুগ-সমাজ ও সভ্যতা বিনির্মাণের হাতিয়ার এবং সভ্যতার কারিগর শ্রমিক শ্রেণীকে অবজ্ঞা করে উন্নতির আশা করা যায় না

### -অধ্যাপক মুজিবুর রহমান




বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় কার্যকরী কমিটির সভায় সভাপতির বক্তব্য রাখছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান (সাবেক এমপি)

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান বলেন, যুগ-সমাজ ও সভ্যতা বিনির্মাণের প্রধান হাতিয়ার এবং সভ্যতার কারিগর শ্রমজীবী খেটে খাওয়া মানুষকে অবজ্ঞা ও অবহেলা করে মানবতার কল্যাণ এবং সমাজের উন্নতি করা সম্ভব নয়। তিনি বলেন, সাভারের একটি গার্মেন্টস ফ্যাক্টরীর দুর্ঘটনা আমাদেরকে মারাত্মকভাবে নাড়া দিয়েছে, আহত ও ব্যথিত করেছে। আমরা নিহতদের রূহের মাগফিরাত কামনা করছি এবং আহতদের আরোগ্যের জন্য আল্লাহর নিকট প্রার্থনা করছি এবং যথাযথ ক্ষতিপূরণ দাবী করেছি। জনাব মুজিব বলেন, আমাদের দেশে হাজার হাজার শিক্ষিত যুবক বেকার। পিতা-মাতা এসব বেকার সন্তানদের নিয়ে সদা সর্বদা থাকেন উদ্বিগ্ন। কর্মক্ষম বেকার মানুষের সারি দীর্ঘতর হচ্ছে। খেটে খাওয়া শ্রমজীবি মানুষের বেতন-ভাতা এত নগন্য যে, তাদের নুন আনতে পানতা ফুরানোর অবস্থা। লোকসানের কারণে বন্ধ করে দেয়া মিল কারখানার শ্রমিকরা অর্ধাহারে অনাহারে জীবন কাটাচ্ছে। শ্রমজীবি খেটে খাওয়া মানুষের ছেলে-মেয়েরা অর্থের অভাবে শিক্ষা ও উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত। গার্মেন্টস্ শ্রমিকদের বেলায় দেশে প্রচলিত শ্রম আইনও কার্যকরী নাই। (৬ষ্ঠ পাতায় দ্রঃ)

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় প্রচার বিভাগ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত, ৪৩৫ মগবাজার, ওয়ারলেস রেলগেইট, ঢাকা-১২১৭। ফোনঃ ৮৩৫৮১৭৭



ডিজাইন ও মুদ্রণে : আল-ফালাহ প্রিন্টিং প্রেস, ফোন : ৯৩৫৮৪৩২, ৯৩৪৫৭৪১